## Dhaka Tribune



# New decision to strengthen security at DU campus

**Tribune Desk**

As part of a series of meetings to strengthen security on Dhaka University campus, a meeting was held yesterday under the chairmanship of Vice Chancellor Professor Niaz Ahmed Khan.

The meeting was attended by the university's Proctor Associate Professor Saifuddin Ahmed, DC of Ramna Zone of Dhaka Metropolitan Police (DMP) Masud Alam, and representatives of law enforcement and intelligence agencies.

## ইনকিলাব

# ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে নিরাপত্তা জোরদারে নতুন সিদ্ধান্ত

প্রেস বিজ্ঞপ্তি : ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে নিরাপত্তা ব্যবস্থা জোরদারের লক্ষ্যে নতুন সিদ্ধান্ত নিয়েছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। নিরাপত্তা জোরদারের অংশ হিসেবে আজ থেকেই টিএসসি ও ভিসি চত্বর এলাকায় সার্বক্ষণিক পুলিশের উপস্থিতি নিশ্চিত করা হয়েছে। পাশাপাশি ক্যাম্পাসের মূল সড়কগুলোতে প্রক্টরিয়াল টিমের সঙ্গে পুলিশের টহল অব্যাহত থাকবে।

গতকাল বুধবার (২৫ জুন) ভিসি অধ্যাপক ড. নিয়াজ আহমদ খানের সভাপতিত্বে অনুষ্ঠিত বৈঠকে এমন সিদ্ধান্ত নেওয়া হয় বলে এক বিবৃতিতে জানিয়েছে বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দফতর।

বৈঠকে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের প্রক্টর সহযোগী অধ্যাপক সাইফুদ্দীন আহমদ, ঢাকা মেট্রোপলিটন পুলিশ (ডিএমপি)-এর রমনা জোনের ডিসি মাসুদ আলমসহ আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী ও গোয়েন্দা সংস্থার প্রতিনিধিরা।

বৈঠকে ক্যাম্পাসের সামগ্রিক নিরাপত্তা ব্যবস্থা নিয়ে আলোচনা করা হয় এবং আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর পক্ষ থেকে বিশ্ববিদ্যালয় প্রশাসনকে বর্তমান পরিস্থিতি সম্পর্কে অবহিত করা হয়।

## কালের কণ্ঠ

# ঢাবি ক্যাম্পাসে নিরাপত্তা জোরদারে নতুন সিদ্ধান্ত

**ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি ▷**

ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) ক্যাম্পাসে নিরাপত্তাব্যবস্থা জোরদারের লক্ষ্যে ধারাবাহিক বৈঠকের অংশ হিসেবে গতকাল বুধবার উপাচার্য ড. নিয়াজ আহমদ খানের সভাপতিত্বে এক বৈঠক অনুষ্ঠিত হয়েছে।

বৈঠকে ক্যাম্পাসের সামগ্রিক নিরাপত্তাব্যবস্থা নিয়ে আলোচনা করা হয় এবং আইন-শৃঙ্খলা রক্ষা বাহিনীর পক্ষ থেকে বিশ্ববিদ্যালয় প্রশাসনকে বর্তমান পরিস্থিতি সম্পর্কে অবহিত করা হয়।

নিরাপত্তা জোরদারের অংশ হিসেবে বুধবার থেকেই টিএসসি ও ভিসি চত্বর এলাকায় সার্বক্ষণিক পুলিশের উপস্থিতি নিশ্চিত করা হয়েছে। পাশাপাশি ক্যাম্পাসের মূল সড়কগুলোতে প্রক্টরিয়াল টিমের সঙ্গে পুলিশের টহল অব্যাহত থাকবে। বৈঠকে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের প্রক্টর সহযোগী অধ্যাপক সাইফুদ্দীন আহমদ, ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) রমনা জোনের ডিসি মাসুদ আলমসহ আইন-শৃঙ্খলা রক্ষা বাহিনী ও গোয়েন্দা সংস্থার প্রতিনিধিরা।

## যায়যায়দিন

# ঢাবি ক্যাম্পাসে নিরাপত্তা জোরদারে নতুন সিদ্ধান্ত

■ যাযাদি ডেস্ক

ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে নিরাপত্তা ব্যবস্থা জোরদারের লক্ষ্যে নতুন সিদ্ধান্ত নিয়েছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। এর অংশ হিসেবে বুধবার থেকেই টিএসসি ও ভিসি চত্বর এলাকায় সার্বক্ষণিক পুলিশের উপস্থিতি নিশ্চিত করা হয়েছে। পাশাপাশি ক্যাম্পাসের মূল সড়কগুলোতে প্রক্টরিয়াল টিমের সঙ্গে পুলিশের টহল অব্যাহত থাকবে।

বুধবার উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খানের সভাপতিত্বে অনুষ্ঠিত বৈঠকে এমন সিদ্ধান্ত নেয়া হয় বলে এক বিবৃতিতে জানিয়েছে বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দফতর। বৈঠকে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের প্রক্টর সহযোগী অধ্যাপক সাইফুদ্দীন আহমদ, ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) রমনা জোনের ডিসি মাসুদ আলমসহ আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী ও গোয়েন্দা সংস্থার প্রতিনিধিরা।

বৈঠকে ক্যাম্পাসের সামগ্রিক নিরাপত্তা ব্যবস্থা নিয়ে আলোচনা করা হয় এবং আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর পক্ষ থেকে বিশ্ববিদ্যালয় প্রশাসনকে বর্তমান পরিস্থিতি সম্পর্কে অবহিত করা হয়।

উল্লেখ্য, গত ১৬ জুন কাটাবনে আওয়ামী লীগের মিছিলের প্রস্তুতির সময় মো. তামিম (১৯) নামে একজনকে আটক করে পুলিশ। আদালতের মাধ্যমে তাকে একদিনের রিমান্ডে নেয়া হয় এবং বর্তমানে গ্রেফতার দেখিয়ে কারাগারে পাঠানো হয়েছে। জানা যায়, তামিম ২১ নাম্বার ওয়ার্ডের সাবেক কমিশনার মো. আসাদুজ্জামানের অনুসারী।

এ ছাড়া, শহিদ বুদ্ধিজীবী ডা. মোহাম্মদ মোর্তজা মেডিকাল সেন্টারের সামনে ককটেল সদৃশ বস্তু পাওয়ার ঘটনায় বিশ্ববিদ্যালয়ের নিজস্ব তদন্ত কমিটি কাজ করছে। একই সঙ্গে পুলিশও আলাদাভাবে তদন্ত পরিচালনা করছে এবং খুব শিগগিরই দায়ীদের গ্রেফতার করা হবে বলে

● পৃষ্ঠা ১১ কলাম ৫

### ঢাবি ক্যাম্পাসে

(শেষ পৃষ্ঠার পর)

আশা প্রকাশ করা হয়েছে।

মঙ্গলবার রাজু ভাস্কর্য এলাকায় পটকা ফোটানোর ঘটনায় শাহবাগ থানায় একটি সাধারণ ডায়েরি (জিডি) করা হয়েছে। সিসিটিভি ফুটেজ পুলিশকে হস্তান্তর করা হয়েছে এবং পুলিশ ও বিশ্ববিদ্যালয় প্রশাসন সম্মিলিতভাবে অপরাধীদের শনাক্ত ও গ্রেফতারে কাজ করছে।

এদিন আরো একটি পৃথক বৈঠকে উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান ও ডিএমপি কমিশনার শেখ মো. সাজ্জাত আলী ক্যাম্পাসের নিরাপত্তা পরিস্থিতি নিয়ে আলোচনা করেন এবং ভবিষ্যৎ করণীয় নিয়ে সিদ্ধান্ত নেন।

এদিকে, ঢাবি শিক্ষার্থী শাহরিয়ার আলম সাম্য হত্যাকাণ্ডের তদন্ত কার্যক্রম প্রায় শেষ পর্যায়ে রয়েছে এবং অচিরেই চার্জশিট দেয়া হবে বলে পুলিশ জানিয়েছে। একই সঙ্গে তোফাজ্জল হত্যাকাণ্ডের বিচার প্রক্রিয়াও এগিয়ে চলেছে। পিবিআই এর তদন্ত কাজ প্রায় শেষ করেছে এবং আগামী ২৪ জুলাই এই মামলার শুনানি অনুষ্ঠিত হবে বলে নিশ্চিত করেছে জনসংযোগ দফতর।

## দৈনিক বর্তমান

# ঢাবিতে ইউনেস্কো চেয়ার: ১২৫টি দেশের সঙ্গে একাডেমিক সংযোগ

ঢাবি প্রতিনিধি

ঢাকা বিশ্ববিদ্যালয়ে "Inclusion in Higher Education Szstems" শীর্ষক একটি ইউনেস্কো চেয়ার প্রতিষ্ঠিত হয়েছে। এটি জাতিসংঘের শিক্ষা, বিজ্ঞান ও সংস্কৃতি বিষয়ক সংস্থা (UNESCO) -এর UNITWIN/UNESCO Chairs Programme -এর অংশ। বিশ্বজুড়ে ১২৫টি দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও গবেষণা প্রতিষ্ঠানে ১ হাজারেরও বেশি ইউনেস্কো চেয়ার রয়েছে। এর মাধ্যমে বিশ্ববিদ্যালয় ও গবেষণা প্রতিষ্ঠানগুলোর মধ্যে জ্ঞান ও অভিজ্ঞতা বিনিময় হয়, যা সমাজের উন্নয়নে অবদান রাখতে উৎসাহিতকরে। এই চেয়ার প্রতিষ্ঠার লক্ষ্যে ইতোমধ্যেই ঢাকা বিশ্ববিদ্যালয় এবং ইউনেস্কোর মধ্যে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। এই সমঝোতা স্মারকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের পক্ষে স্বাক্ষর করেছেন উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান এবং ইউনেস্কোর পক্ষে স্বাক্ষর করেন সংস্থার মহাপরিচালক ওর্দ্রে আজুলে (Audrey Azoulay)। ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের অধ্যাপক ড. মোহাম্মদ আলী জিন্নাহ বিশ্ববিদ্যালয়ের এই চেয়ারের চেয়ারপার্সন এবং একই ইনস্টিটিউটের অধ্যাপক ড. মো. আহসান হাবিব কো-চেয়ারপার্সন হিসেবে দায়িত্ব পালন করবেন। তাদের নেতৃত্বে চেয়ারটি উচ্চশিক্ষায় অন্তর্ভুক্তিমূলক নীতি, সমতা ও টেকসই উন্নয়নের লক্ষ্যে গবেষণা, শিক্ষা, প্রশিক্ষণ, কমিউনিটি সম্পৃক্ততা এবং নীতিনির্ধারণী সংলাপ পরিচালনা করবে।

চেয়ারটি কেবল একটি একাডেমিক উদ্যোগ নয় বরং এটি বাংলাদেশের উচ্চশিক্ষা ব্যবস্থাকে বৈশ্বিক একাডেমিক নেটওয়ার্ক ও আন্তর্জাতিক অংশীদারিত্বের নতুন দিগন্তে সংযুক্ত করবে। এই চেয়ারের মাধ্যমে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, গবেষক ও শিক্ষার্থীরা বিশ্বের বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও গবেষণা প্রতিষ্ঠানের সঙ্গে সরাসরি যুক্ত হয়ে যৌথ শিক্ষা ও গবেষণা কার্যক্রমে অংশ নিতে পারবেন।

চুক্তি অনুযায়ী, ইউনেস্কো চেয়ারের কার্যক্রম বাস্তবায়নে প্রয়োজনীয় অবকাঠামো ও সহায়তা দেবে ঢাকা বিশ্ববিদ্যালয়। চেয়ারের কার্যক্রমে ব্যবহৃত ইউনেস্কো চেয়ার লোগো কেবল নির্ধারিত নিয়ম মেনে ব্যবহার করা যাবেএবং কোনো অবস্থাতেই তা বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহার করা যাবে না।

চেয়ারের মূল লক্ষ্যগুলো হলো:

* অন্তর্ভুক্তিমূলক শিক্ষা ও সমতা বিষয়ে প্রশিক্ষণ কোর্সের মাধ্যমে শিক্ষকদের দক্ষতা বৃদ্ধি করা।
* উচ্চশিক্ষায় অন্তর্ভুক্তি নিয়ে গবেষণা ও প্রকাশনায় উৎসাহিত করা।
* শিক্ষার্থীদের অংশগ্রহণের সুযোগ তৈরি করে আলোচনা সভা, সেমিনার ও ওয়েবিনারের মাধ্যমে জ্ঞান বিনিময় বিস্তৃত করা।

চেয়ারটির প্রথম মেয়াদ চলবে ৩০ জুন ২০২৯ পর্যন্ত। মেয়াদ শেষের আগেই কার্যক্রমের মূল্যায়ন ও ভবিষ্যৎ পরিকল্পনা ইউনেস্কোকে জমা দিয়ে নবায়নের আবেদন করতে হবে।

ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আশা করছে এই ইউনেস্কো চেয়ার দেশের উচ্চশিক্ষা ব্যবস্থায় অন্তর্ভুক্তি, ন্যায্যতা ও আন্তর্জাতিক সহযোগিতার ক্ষেত্রে একটি নতুন দৃষ্টান্ত স্থাপন করবে।

## আলোকিত বাংলাদেশ

ঢাবিতে ইউনেস্কো চেয়ার

# ১২৫টি দেশের সঙ্গে একাডেমিক সংযোগ

আলোকিত ডেস্ক

বিশ্বজুড়ে ১২৫টি দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও গবেষণা প্রতিষ্ঠানে ১ হাজারেরও বেশি ইউনেস্কো চেয়ার রয়েছে। এর মাধ্যমে বিশ্ববিদ্যালয় ও গবেষণা প্রতিষ্ঠানগুলোর মধ্যে জ্ঞান ও অভিজ্ঞতা বিনিময় হয়, যা সমাজের উন্নয়নে অবদান রাখতে উৎসাহিত করে। এই চেয়ার প্রতিষ্ঠার লক্ষ্যে এরমধ্যেই ঢাকা বিশ্ববিদ্যালয় এবং ইউনেস্কোর মধ্যে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। এই সমঝোতা স্মারকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের পক্ষে স্বাক্ষর করেছেন উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান এবং ইউনেস্কোর পক্ষে স্বাক্ষর করেন সংস্থার মহাপরিচালক ওদ্রে আজুলে। ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের অধ্যাপক ড. মোহাম্মদ আলী জিন্নাহ বিশ্ববিদ্যালয়ের এই চেয়ারের চেয়ারপার্সন এবং একই ইনস্টিটিউটের অধ্যাপক ড. মো. আহসান হাবিব কো-চেয়ারপার্সন হিসেবে দায়িত্ব পালন করবেন। তাদের নেতৃত্বে চেয়ারটি উচ্চশিক্ষায় অন্তর্ভুক্তিমূলক নীতি, সমতা ও টেকসই উন্নয়নের লক্ষ্যে গবেষণা, শিক্ষা, প্রশিক্ষণ, কমিউনিটি সম্পৃক্ততা এবং নীতিনির্ধারণী সংলাপ পরিচালনা করবে। সূত্র : সংবাদ বিজ্ঞপ্তি

## The Daily Observer

# DU gets UNESCO chair, connects academia globally

DU Correspondent

Dhaka University (DU) has established a prestigious UNESCO Chair titled 'Inclusion in Higher Education Systems,' connecting Bangladesh's academic landscape with over 125 countries worldwide through the UNITWIN-UNESCO Chairs Progra-mme.

This groundbreaking initiative positions DU

SEE PAGE 2 COL 2

FROM PAGE 1

amongst more than 1,000 UNESCO Chairs globally, facilitating international knowledge exchange and collaborative research opportunities.

The landmask agreement was formalised on Wednesday through a Memorandum of Understanding signed between Professor Dr Niaz Ahmed Khan, Vice-Chancellor of Dhaka University, and Audrey Azoulay, UNESCO's Director-General. Professor Dr Mohammad Ali Jinnah from DU's Institute of Education and Research will lead as Chairholder, with Professor Dr Md Ahsan Habib serving as Co-Chairholder.